

ক্যা ন ভা স

শুক্রবার, বিড়লা অ্যাকাডেমি অফ আর্ট অ্যান্ড কালচার'এ শুরু হল সজল ঘোষের আলোকচিত্রী প্রদর্শনী। চলবে রবিবার পর্যন্ত।

ছবি: হিলটন ঘোষ



প্রদর্শনীর নানা মুহূর্ত।



সজল ঘোষ

ফোটোগ্রাফি তাঁর পেশা নয়। নেশা আর সেই নেশার টানেই দেশ-বিদেশের প্রত্যন্ত প্রান্তে ছুটে গিয়েছেন সজল ঘোষ।

একটি বহুজাতিক সংস্থার উচ্চপদে কর্মরত সজল ঘোষ। পেশার প্রয়োজনে কোথাও যেতে হলে সঙ্গে ক্যামেরা নিয়ে যেতে ভোলেন না। তাঁর কথায়, “দেশ হোক বা বিদেশ, কাজের প্রয়োজনে কোথাও গেলে ক্যামেরাটা ঠিক সঙ্গে রাখি।” আশির দশকের শেষের দিক থেকেই ক্যামেরার সঙ্গে তাঁর বন্ধুত্বের শুরু। তারপর থেকে সেই বন্ধুত্ব আর ছেদ পড়েনি। জানালেন, বহুজাতিক সংস্থার লাভ-ক্ষতির হিসেব রাখার ক্লাস্টি কাটাতেই ক্যামেরা হাতে তুলে নেওয়া। সজল বলছিলেন, “সারাদিনের কাজের পর আমাদের প্রত্যেকেরই মানুষ হিসেবে কিছু

করার রয়েছে। সেই কারণেই আমার ছবিগুলোর মধ্যে একটা ইতিবাচক আঙ্গিক রয়েছে। ইদানীং জীবন অনেক বেশি জটিল হয়ে গিয়েছে। আমি জীবনকে পজিটিভ দুষ্টিকোণ থেকে দেখি।”

শুক্রবার, বিড়লা অ্যাকাডেমি অফ আর্ট অ্যান্ড কালচার'এ হয়ে গেল সজল ঘোষের চতুর্থ একক আলোকচিত্র প্রদর্শনী 'লুকিং অ্যারাউন্ড'।

তাঁর ক্যামেরায় ধরা পড়েছে একাকিত্বের নানা মুহূর্ত। কোনও ফ্রেমে পুরনো বাড়ির ফাঁকা বারান্দা। কোথাও বা বাড়ির দাওয়ায় নিঃসঙ্গ মহিলার অলস বসে থাকা। আবার



সুদূর আফ্রিকার প্রত্যন্ত কোনও এলাকার আদিবাসী মেয়ের ক্লেজআপও। এত একাকিত্ব কেন? মুচকি হেসে সজলের উত্তর, “একা আমরা সকলেই। তাই একা একজন মানুষ এবং তাঁর আশপাশের পরিবেশটাকে আমি ফ্রেমে ধরার চেষ্টা করেছি।”

প্রদর্শনী চলবে ৮ মে পর্যন্ত। সময় দুপুর ৩টে থেকে রাত ৮টা।